৭২

১০ MAY 1997
তারিখ ... ... ...
পৃষ্ঠা ৬ কলাম ৬

দৈনিক জনকণ্ঠ

## ক্যাডেট কলেজে প্রভাষক নিয়োগ প্রসঙ্গে

গত বছরের ২৭ নবেম্বর দৈনিক জনকণ্ঠে ক্যাডেট কলেজসমূহে প্রভাষক নিয়োগের বিজ্ঞাপন দেয়া হয়। আমি ইতিহাস বিষয়ের প্রভাষক পদের জন্য আবেদন করি এবং একই বছরের ২৭ ডিসেম্বর ঢাকা সেনানিবাসস্থ শহীদ আনোয়ারা গার্লস কলেজে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করি। ইতিহাস বিষয়ে কতজন প্রভাষক নিয়োগ করা হবে তা বিজ্ঞাপনে উল্লেখ ছিল না। লিখিত পরীক্ষায় আমরা ১২৮ জন অংশগ্রহণ করি। এদের মধ্যে মাত্র ৪ জনকে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত করা হয়। এই ৪ জন সৌভাগ্যবানের (নাকি দুর্ভাগ্যবানের) মধ্যে আমি একজন। আমার রোল নম্বর ইতি-২২। এক বুক আশা নিয়ে আমি এ বছরের ২৯ জানুয়ারি ঢাকা সেনানিবাসস্থ ক্যাডেট কলেজসমূহের কেন্দ্রীয় রেস্ট হাউসে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করি। এই পরীক্ষার পর দু'মাস অতিবাহিত হয়েছে। কিন্তু এর কোন ফলাফল আজও জানতে পারলাম না। অর্থাৎ আমার কাছে কোন নিয়োগপত্র আসেনি (যেহেতু মৌখিক পরীক্ষার পর নিয়োগপত্র আসার কথা)। এখন আমার কথা হলো আমি কি ক্যাডেট কলেজে নিয়োগ পাব? ক্যাডেট কলেজে আমার নিয়োগ হোক বা না হোক, কর্তৃপক্ষের কাছে আমার সবিনয় আবেদন, নিয়োগ বিজ্ঞাপনে আপনাদের প্রয়োজনীয় সংখ্যক প্রভাষকের সংখ্যা উল্লেখ করুন। আর ২/১টি পদের জন্য প্রতিবছর নিয়োগ বিজ্ঞপ্তি না দিয়ে সিট খালি হলে পূর্ববর্তী বছরের নির্বাচিতদের মধ্য থেকে পর্যায়ক্রমে নিয়োগ দিন। তাহলে অসহায় মেধাবী বেকাররা আর্থিক ও মানসিকভাবে কম দুর্ভোগ পোহাবে এবং তারা অশেষ উপকৃত হবে।

**মোঃ মোস্তফা কামাল**
গ্রাম ও পোঃ— বসন্তকেদার
জেলা-রাজশাহী।